মুজিব বর্ষের অঙ্গীকার,
প্রযুক্তি এগিয়ে যাওয়ার
হাতিয়ার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,জেলা কার্যালয়,
নোয়াখালী

নোয়াখালী জেলা আইসিটি কমিটির এপ্রিল-২০২১ খ্রি. মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ খোরশেদ আলম খান<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২৬/০৪/২০২১ খ্রি. |
| সভার সময় | দুপুর ১.১৫ ঘটিকা |
| স্থান | Zoom Online Flatform. |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমেই করোনা ভাইরাস (কোভিড-১৯) দুর্যোগকালীন সময়ে সরকারের স্বাস্থ্যবিধি ও বিভিন্ন শর্তাবলী মেনে সুষ্ঠুভাবে অফিস পরিচালনা বিষয়ে গুরুত্ব আরোপ করেন। অতঃপর তিনি মাসিক সভার নির্ধারিত আলাচনা শুরু করার নির্দেশ দেন। নির্দেশনা মোতাবেক প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) বিগত মার্চ/২০২১ খ্রি. মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| | |
|---|---|
| জেলা ও উপজেলা আইসিটি কমিটির নিয়মতি সভা আহ্বান | করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ পরিস্থিতিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভৌত অথবা অনলাইনে জেলা ও উপজেলা আইসিটি কমিটির নিয়মিত মাসিক সভা আহ্বানের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত আইসিটি বিষয়ক কমিটির সভা নিয়মিত আহ্বান সংক্রান্ত সভার নোটিশ ও কার্যবিবরণী আবিশ্যিকভাবে একাদশ জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সভাপতি ও কমিটির অন্যান্য সকল মাননীয় সদস্যের নিকট প্রেরণসহ আহ্বানকৃত সভার নোটিশ ও কার্যবিবরণীর ০১ (এক) কপি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর প্রধান কার্যালয়ে (ই-নথি ও ইমেইল- ictcommitteereport@gmail.com)প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।<br>প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী সভায় জানান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী এর আইসিটি কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে এবং অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিয়মিতভাবে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হচ্ছে। |

| ক্রঃ | মার্চ, ২০২১ মাসের উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী | |
|---|---|---|
| | **উপজেলার নাম** | **সভার কার্যবিবরণী প্রেরণ** |
| ০১. | নোয়াখালী সদর উপজেলা | সভা অনুষ্ঠিত হয়েছে এবং কার্যবিবরণী পাওয়া গিয়েছে |
| ০২. | চাটখিল উপজেলা | সভা অনুষ্ঠিত হয়েছে এবং কার্যবিবরণী পাওয়া গিয়েছে |
| ০৩. | কবিরহাট উপজেলা | সভা অনুষ্ঠিত হয়েছে এবং কার্যবিবরণী পাওয়া গিয়েছে |
| ০৪. | বেগমগঞ্জ উপজেলা | সভা অনুষ্ঠিত হয়েছে এবং কার্যবিবরণী পাওয়া গিয়েছে |
| ০৫. | সেনবাগ উপজেলা | সভা অনুষ্ঠিত হয়েছে এবং কার্যবিবরণী পাওয়া গিয়েছে |
| ০৬. | কোম্পানীগঞ্জ উপজেলা | সভা অনুষ্ঠিত হয়েছে এবং কার্যবিবরণী পাওয়া গিয়েছে |
| ০৭ | সোনাইমুড়ি উপজেলা | সভা অনুষ্ঠিত হয়েছে এবং কার্যবিবরণী পাওয়া গিয়েছে |
| ০৮. | সুবর্ণচর উপজেলা | সভা অনুষ্ঠিত হয়েছে এবং কার্যবিবরণী পাওয়া গিয়েছে |
| ০৯. | হাতিয়া উপজেলা | সভা অনুষ্ঠিত হয়েছে এবং কার্যবিবরণী পাওয়া গিয়েছে |

সিদ্ধান্তঃ
১) প্রতিমাসে জেলা আইসিটি কমিটির সভা আয়োজন করতে হবে এবং সভার কার্যবিবরনী সংশ্লিষ্ট দপ্তরে নিয়মিত প্রেরণ করতে হবে

<table>
<tr>
<td>জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল ব্যবস্থাপনা<br>২<br>.</td>
<td>সভাপতি ও জেলা প্রশাসক, নোয়াখালী জানান, ওয়েব পোর্টাল হালনাগাদকরণ একটি চলমান প্রক্রিয়া। সঠিক ও চলমান তথ্য প্রাপ্তির লক্ষ্যে প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টাল সবসময় হালনাগাদ করা প্রয়োজন। মন্ত্রিপরিষদ বিভাগ হতে জাতীয় তথ্য বাতায়ন বাংলা ও ইংরেজী উভয় ভাষায় হালনাগাদ করার নির্দেশনা রয়েছে। হালনাগাদকরণের জন্য সংশ্লিষ্ট সকল সরকারি বিভাগ/দপ্তরকে ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হয়েছে।<br>সভার সদস্য সচিব জানান, জেলায় যে সকল দপ্তরের ওয়েব পোর্টালে পর্যাপ্ত হালনাগাদ তথ্য নেই সে সকল দপ্তরের পোর্টাল হালনাগাদের জন্য ক্রাশ প্রোগ্রামের আওতায় ফেব্রুয়ারি/২১ মাসে ০৫ টি দপ্তরকে পর্যাপ্ত তথ্য দ্বারা ওয়েবপোর্টাল হালনাগাদের জন্য অনুরোধ করা হয়। ইতিমধ্যে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দেখা যায়, উল্লেখিত সরকারি দপ্তরের কোন ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়নি<br>সিদ্ধান্তঃ<br>(ক) জেলা প্রশাসক ও সভাপতি বলেন, ক্রাশ পোগ্রামের আওতায় অনুরোধ সত্ত্বেও যে সকল সরকারি দপ্তর যথাযথ তথ্য দ্বারা ওয়েব পোর্টাল হালনাগাদ করেনি ঐ সকল দপ্তরের অফিস প্রধানগণকে ওয়েব পোর্টাল হালনাগাদপূর্বক যথাসময়ে পোর্টাল হালনাগাদ না করার কারন ব্যাখ্যাসহ অত্র কার্যালয়কে অবহিত করার নিমিত্তে পত্র প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়। অফিস সমূহ নিম্নরূপঃ
<table>
<tr><td>০১</td><td>জেলা প্রাথমিক শিক্ষা অফিস, নোয়াখালী</td></tr>
<tr><td>০২</td><td>মূখ্য পরিদর্শকের কার্যালয়, পাট অধিদপ্তর, নোয়াখালী</td></tr>
<tr><td>০৩</td><td>জেলা প্রাণীসম্পদ দপ্তর, নোয়াখালী</td></tr>
<tr><td>০৪</td><td>জেলা ক্রীড়া অফিস, নোয়াখালী</td></tr>
<tr><td>০৫</td><td>বাংলাদেশ ডাক বিভাগ, নোয়াখালী</td></tr>
<tr><td>০৬</td><td>জেনারেল হাসপাতাল, নোয়াখালী</td></tr>
<tr><td>০৭</td><td>জেলা বীজ প্রত্যয়ন অফিসারের কার্যাল , নোয়াখালী</td></tr>
<tr><td>০৮</td><td>জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, নোয়াখালী</td></tr>
<tr><td>০৯</td><td>বিআরটিএ, নোয়াখালী।</td></tr>
<tr><td>১০</td><td>বাংলাদেশ শিশু একাডেমী, নোয়াখালী।</td></tr>
</table>
সিদ্ধান্তঃ উল্লেখিত দপ্তরসমূহকে যথাযথ কারণ ব্যাখ্যা করার জন্য পত্র প্রেরণ করতে হবে।</td>
</tr>
<tr>
<td>ই-ফাইল (নথি) বাস্তবায়ন<br>৩<br>.</td>
<td>সরকারি অফিস/দপ্তরসমূহের সকল অফিসিয়াল কার্যক্রম ই-নথি ব্যবহারের মাধ্যমে সম্পন্ন করা হলে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার হবে। ইতোমধ্যে জেলা ও উপজেলার সরকারি অফিস/দপ্তরসমূহকে একাধিকবার ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে স্বল্পসংখ্যক ব্যতিত অন্য সকল অফিসকে ই-নথির লাইভ সার্ভারের আইডি প্রদান করা হয়েছে এবং দাপ্তরিক কাজে হার্ডকপি ব্যবহার না করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা থাকায় যেসকল অফিসকে লাইভ সার্ভার আইডি প্রদান করা হয়েছে সেসকল অফিসকে দাপ্তরিক কার্যক্রম ১০০% ই-ফাইলিং এর মাধ্যমে সম্পাদনসহ প্রতিটি ডাক নোটে নিষ্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী জানান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ই-নথি সার্ভার এর ক্যাপাসিটি বহুগুণ বৃদ্ধি করা হয়েছে ফলে জেলা পর্যায়ের দপ্তরসমূহের ই-নথি কার্যক্রমে পূর্বের চেয়ে গতি বৃদ্ধি পেয়েছে। তিনি আরো জানান ই-নথি সিষ্টেম এর নতুন ভার্সনের কার্যক্রম অচিরেই শুরু করা হবে। যার ফলে ই-নথি কার্যক্রম আরো বেশী সহজ ও গতিশীল হবে। নতুন ভার্সনের ই-নথি কার্যক্রম বিষয়ে চলতি মাসে জেলার দপ্তরসমূহের কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হবে।<br>সভার সভাপতি ও জেলা প্রশাসক জানান, ই-নথি সার্ভার আপগ্রেডেশন এর জন্য উপজেলার সরকারি দপ্তরসমূহ হতে লাইভে কাজ করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় আইসিটি বিভাগ ও এটুআই প্রোগ্রামের সহিত যোগাযোগ পূর্বক দ্রুত উপজেলা কার্যালয়সমূহ ই-নথিতে সক্রিয় করার করার জন্য প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) কে অনুরোধ করেন।<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সভায় জানান, জেলার সকল বিভাগ এখনও ই-ফাইলের কার্যক্রম শুরু করতে পারেনি। যে সকল অফিস লাইভে সংযুক্ত আছে তাদের দাপ্তরিক পত্র আদান-প্রদান কার্যক্রম শতভাগ ই-নথিতে সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বাৎসরিক ই-নথি প্রশিক্ষণ আয়োজন করার জন্য স্ব-স্ব দপ্তর প্রদানগণকে অনুরোধ করেন। এক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগীতার জন্য প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) কে অনুরোধ করা হয়।<br>সিদ্ধান্তঃ<br>১) জেলার আওতাধীন যেসকল দপ্তর এখনও লাইভ সার্ভারে যুক্ত হয়নি ঐসকল অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের ই-নথি প্রশিক্ষণ প্রদান করতে হবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর হতে ইতিমধ্যে অত্র জেলার সরকারি দপ্তরের কর্মকর্তা কর্মচারীগনের প্রশিক্ষণের জন্য ০২ (দুই) ব্যাচের বরাদ্দ প্রদান করা হয়েছে। চলমান লকডাউনের পরপর উক্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভাপতি প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) কে অনুরোধ করেন।<br>২) উপজেলার সকল সরকারি দপ্তররের ই-নথি কার্যক্রম পুনরায় সক্রিয় করার জন্য আইসিটি ডিভিশন ও এটুআই এর সাথে প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) কর্তৃক যোগাযোগ অব্যাহত রাখবেন।<br>৩) জেলার আওতাধীন যে সকল সরকারি দপ্তর লাইভ সার্ভারে বিদ্যমান রয়েছে ঐ সকল দপ্তর নিজস্ব বাজেটে বার্ষিক ৬০ ঘন্টা প্রশিক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে কর্মকর্তা ও কর্মচারীগনের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রতি বছর ইন-হাউজ (ই-নথি) প্রশিক্ষণ এর আয়োজন করতে হবে। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী প্রশিক্ষণ কার্যক্রম তদারকি করবেন।</td>
</tr>
</table>

| | |
|---|---|
| ০<br>প্রশিক্ষণ আয়োজন<br>৪ | সভায় প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) জানান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক জেলা পর্যায়ের সরকারী দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ০২ (দুই) দিনব্যাপী ই-নথি সিস্টেম ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান কর হয়েছে। এলক্ষ্যে বিগত ৩১ মার্চ ২০২১ খ্রি. তারিখের অত্র কার্যালয়ের ৫০ নং স্মারকে প্রশিক্ষণ আয়োজনের অফিস আদেশ জারি কর হয় কিন্তু দেশব্যাপী লকডাউনের ফলে মান্যবর জেলা প্রশাসক, নোয়াখালী এর নির্দেশে উক্ত প্রশিক্ষণ স্থগিত করা হয়। স্থগিত প্রশিক্ষণটি আগামী সপ্তাহের যে কোন সময় আয়োজন করা যেতে পারে।<br>**সিদ্ধান্তঃ** সভাপতি বর্তমান পরিস্থিতিতে প্রশিক্ষণ আয়োজন না করার নির্দেশনা প্রদান করেন এবং পরবর্তীতে লকডাউন পরবর্তী সুবিধাজনক সময়ে উক্ত প্রশিক্ষণ আয়োজন করার জন্য প্রোগ্রামার (ভারপ্রাপ্ত)কে অনুরোধ করেন। |
| ইউডিসির আয়, সেবা প্রদান এবং কার্যক্রম তদারকি<br>০<br>৫<br>. | নোয়াখালী জেলায় ৯২ টি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ৫৮ জন পুরুষ উদ্যোক্তা এবং ৫৮ জন মহিলা উদ্যোক্তা সেবা কাজে নিয়োজিত রয়েছেন। ফেব্রুয়ারি/২০২১ মাসে ইউডিসি হতে মোট আয় হয় ১২,২৯,১২৫/- (বার লক্ষ ঊনত্রিশ হাজার একশত পঁচিশ) টাকা এবং মোট ৫৮,১৫৬ জন সেবা গ্রহণ করেছেন মর্মে সভায় তথ্য উপস্থাপন করা হয়।<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জানান, ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আয় নিয়মিত আপলোড করা হয়না। আয়ের পরিসংখ্যান আপলোড করার জন্য পত্র/নোটিশ প্রদান করা যেতে পারে এবং নিয়মিত মনিটরিং করা যেতে পারে।<br>সিদ্ধান্তঃ<br>১। প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে জনগণ যাতে সর্বদা কাঙ্ক্ষিত সেবা পায় সে বিষয়টি তদারকি এবং আয়ের তথ্য আপলোড করার জন্য সহকারী কমিশনার (আইসিটি) কে মনিটরিং কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করা হয়। জেলা হতে মনিটরিং করার সুবিধার্থে আইডি ও পাসওয়ার্ড সংগ্রহের জন্য সহকারী কমিশনারকে দায়িত্ব প্রদান করা হয়।<br>২। মাসে ন্যূনতম ০২ (দুই) টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণ অব্যহত রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী কে অনুরোধ করা হয়। |
| শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন<br>৬<br>. | বর্তমান সরকারের ভিশন-২০২১ ও ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন **"সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন"** শীর্ষক প্রকল্পের আওতায় নোয়াখালী জেলায় ৮৮ টি শিক্ষা প্রতিষ্ঠানে "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" স্থাপন করা হয়েছে।<br>সভাপতি জানান, করোনার শুরু হতে স্কুল কলেজসহ সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শেখ রাসেল ডিজিটাল ল্যাবের কম্পিউটার যন্ত্রপাতির সঠিক ব্যবহার হচ্ছে না। পুনরায় লকডাউন ঘোষণা হওয়ার প্রেক্ষিতে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার কর্তৃক সকল ল্যাব পরিদর্শন করার অনুরোধ করেন। তিনি আরো জানান অত্র জেলার কতটি শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে অনলাইনে মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনা করা হচ্ছে তা প্রতিবেদন আকারে অবহিত করার নিমিত্ত জেলা শিক্ষা অফিসারকে পত্র প্রদান করতে হবে।<br>**সিদ্ধান্তঃ**<br>১। শিক্ষা প্রতিষ্ঠান এর কার্যক্রম শুরু হওয়ার সাথে সাথে জেলা ও উপজেলায় স্থাপিত ল্যাবসমূহ পরিদর্শণ করে পুর্ণাঙ্গ পরিদর্শন প্রতিবেদন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এর নিকট উপস্থাপন করতে হবে।<br>২। প্রতি মাসে প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), ও সহাকারী প্রোগ্রামারগণ জেলা ও উপজেলায় স্থপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর মাসিক পরিদর্শন প্রতিবেদন এ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।<br>৩। বর্তমান করোনা ভাইরাসের (কোভিড-১৯) মহামারী পরিস্থিতিতে দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকায় প্রতিষ্ঠানসমূহে স্থাপিত প্রতিটি মাল্টিমিডিয়া ক্লাসরুমের যন্ত্রপাতিসমূহ সুরক্ষার জন্য সপ্তাহে ১ দিন ক্লাসরুমের কম্পিউটার, রাউটার, প্রজেক্টর ও প্রিন্টারসহ যাবতীয় যন্ত্রপাতি চালু করতে হবে এবং ল্যাপটপের ব্যাটারী কমপক্ষে ৪০%-৬০% চার্জ দিতে হবে। এছাড়াও মাল্টিমিডিয়া ক্লাসরুমের কম্পিউটার ও যন্ত্রপাতিসমূহ ব্যবহার করে শিক্ষার্থীদের জন্য **অনলাইন পাঠদান** কার্যক্রমের হার বৃদ্ধি করতে হবে। করোনা পরবর্তীতে শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম চালু হলে মাল্টিমিডিয়া ক্লাসের মাধ্যমে পাঠদানের হার বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে যথানিয়মে পরিদর্শনপূর্বক প্রতিবেদন করতে হবে।<br>৪। জেলার কতটি শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইনে মাল্টিমিডিয়া ক্লাস পরিচালিত হচ্ছে তা প্রতিবেদন আকারে অবহিত করতে হবে। |
| করোনা প্রতিরোধী ভ্যাকসিন বিতরণে "সুরক্ষা" সফটওয়্যার এর মাধ্যমে গৃহীত কর্মসূচীর হালনাগাদ তথ্য | প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) জানান, দেশে করোনাভাইরাস ভ্যাকসিনের সুষ্ঠু বিতরণের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর প্রোগ্রামারগণ কর্তৃক তৈরিকৃত "সুরক্ষা" সফটওয়্যারে সকল নাগরিকের রেজিষ্ট্রেশন বাধ্যতামূলক করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের অনুরোধের প্রেক্ষিতে আইসিটি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামারগণকে উক্ত রেজিষ্ট্রেশনের ক্ষেত্রে কারিগরি সহযোগিতা প্রধানের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। এ প্রেক্ষিতে জেলা প্রশাসক, নোয়াখালী বলেন করোনা ভ্যাকসিন প্রদানে সার্বিক ব্যবস্থাপনায় প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারগণকে যুক্ত করা হয়েছে। তিনি আরো বলেন, উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের স্ব-স্ব অধিক্ষেত্রে ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্যোক্তাদের প্রচারে অন্তর্ভুক্ত করে টিকার রেজিষ্ট্রেশন কার্যক্রম চালিয়ে যেতে হবে। প্রোগ্রামার ভারপ্রাপ্ত আরো জানান, নোয়াখালী জেলায় ২৬/০৪/২০২১ খ্রি, তারিখ পর্যন্ত জেলায় ১,১২,৩৪৯ জন টিকার জন্য রেজিষ্ট্রেশন সম্পন্ন করেছেন এবং ১,৩১,২৬২ ইউনিট (১ম ও ২য় ডোজসহ) টিকা প্রদান সম্পন্ন করেছেন।<br>সিদ্ধান্তঃ<br>১। রেজিষ্ট্রেশন কার্যক্রম সার্বিকভাবে তদারকির জন্য অত্র জেলায় কর্মরত প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামারগণকে অনুরোধ করা হয়।<br>২। ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) উদ্যোক্তাদেরকে রেজিষ্ট্রেশন কার্যক্রম জোরদার করতে সভাপতি অনুরোধ করা হয়। |

<table>
<tr>
<td>“লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট” শীর্ষক প্রকল্পের আওতায় চলমান প্রশিক্ষণ কার্যক্রম<br>.</td>
<td>জেলা প্রশাসক ও সভাপতি এর আলোচনার প্রেক্ষিতে প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) জানান, “লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট” শীর্ষক প্রকল্পের আওতায় নোয়াখালী জেলায় প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। কনসাল্টিং ফার্ম Base ltd and JV, 147/D (2nd F), Green Road, Dhaka-1205 এর জেলা প্রতিনিধি জানান অত্র জেলায় এ প্রকল্পের অধীন ৩৬ টি ব্যাচ এর প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে এবং ০৩ টি ব্যাচ চলমান রয়েছে। সর্বমোট প্রায় ৭২০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) বলেন, প্রোগ্রামার (ভারপ্রাপ্ত) ও প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের প্রতিনিধির সহযোগে জেলা/উপজেলা পর্যায়ে প্রশিক্ষণার্থী নির্বাচন এবং চলমান সকল প্রশিক্ষণ পরিদর্শন ও তদারকি করা হলে প্রকল্পের লক্ষ্য এবং সরকারের উদ্যোগ সফল হবে।<br>সিদ্ধান্তঃ<br>অত্র জেলার প্রশিক্ষণ পরিচালনাকারী কনসাল্টিং ফার্মের জেলা প্রতিনিধি’কে এতদ্‌সংক্রান্ত মনিটরিং কমিটির সাথে যোগাযোগ রেখে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় প্রতিবেদন কমিটির সভাপতিকে অবহিত করতে হবে। প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), নোয়াখালী মাঝে মাঝে উক্ত ক্লাস লিংকে যুক্ত হয়ে সরাসরি প্রশিক্ষণ কর্যক্রম মনিটরিং করবেন এবং প্রশিক্ষণার্থীদের মতামত নিয়ে মনিটরিং কমিটি বরাবর রিপোর্ট করবেন।</td>
</tr>
<tr>
<td>ইনফো সরকার-৩য় পর্যায় প্রকল্প বাস্তবায়ন<br>.</td>
<td>ইনফো সরকার-৩য় পর্যায় প্রকল্পের আওতায় নোয়াখালী জেলার এপ্রিল, ২০২১ পর্যন্ত গ্রাহক পর্যায়ে ইন্টারনেট সংযোগ প্রদানের তথ্যছক
<table>
<tr><th>উপজেলা</th><th>ইউনিয়ন</th><th>সরকারি অফিস</th><th>শিক্ষা প্রতিষ্ঠান</th><th>স্বায়ত্তশাষিত প্রতিষ্ঠান</th><th>বেসরকারি অফিস</th><th>অন্যান্য</th><th>মোট</th><th>ISP অপারেটরদের নাম</th></tr>
<tr><td>কবিরহাট</td><td>সুন্দলপুর</td><td>৩০</td><td>৭</td><td>৪</td><td>১২</td><td>৩০৩</td><td>৩৫৬</td><td>হাতিয়া আইটি পার্ক</td></tr>
<tr><td>সুবর্ণচর</td><td>চরক্লার্ক</td><td>০</td><td>০</td><td>১</td><td>০</td><td>০</td><td>১</td><td>প্রিমিয়াম কানেক্টিভিটি</td></tr>
<tr><td rowspan="5">সোনাইমুড়ী</td><td>সোনাপুর</td><td>০</td><td>০</td><td>১</td><td>০</td><td>০</td><td>১</td><td>ফাস্ট এন্ড ফাস্ট আইটি</td></tr>
<tr><td>আমিশাপাড়া</td><td>০</td><td>০</td><td>২</td><td>০</td><td>০</td><td>২</td><td>টেলনেট কমিউনিকেশন</td></tr>
<tr><td>দেওটি</td><td>০</td><td>১</td><td>০</td><td>০</td><td>০</td><td>১</td><td>অরেঞ্জ কমিউনিকেশন</td></tr>
<tr><td>বজরা</td><td>০</td><td>৩</td><td>০</td><td>০</td><td>২০</td><td>২৩</td><td>সাজিদ ট্রেডিং</td></tr>
<tr><td>উপজেলা পপ</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td><td>৫</td><td>৫</td><td>এসএসডি টেক</td></tr>
<tr><td rowspan="4">কোম্পানীগঞ্জ</td><td>মুছাপুর</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td><td>২৩৩</td><td>২৩৩</td><td>হাতিয়া আইটি পার্ক</td></tr>
<tr><td>রামপুর</td><td>২</td><td>৩</td><td>০</td><td>০</td><td>২৬২</td><td>২৬৭</td><td>হাতিয়া আইটি পার্ক</td></tr>
<tr><td>চরপার্বতী</td><td>০</td><td>০</td><td>১</td><td>০</td><td>০</td><td>১</td><td>সাজিদ ট্রেডিং</td></tr>
<tr><td>চরহাজারী</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td><td>২২</td><td>২২</td><td>নোয়াখালী ব্রডব্যান্ড</td></tr>
<tr><td rowspan="2">চাটখিল</td><td>নোয়াখলা</td><td>০</td><td>০</td><td>০</td><td>০</td><td>৩৬</td><td>৩৬</td><td>নোয়াখালী ব্রডব্যান্ড</td></tr>
<tr><td>উপজেলা পপ</td><td>০</td><td>০</td><td>৫</td><td>০</td><td>০</td><td>৫</td><td>জিওটেক</td></tr>
<tr><td rowspan="5">বেগমগঞ্জ</td><td>আলাইয়ারপুর</td><td>০</td><td>০</td><td>১</td><td>০</td><td>৬৪</td><td>৬৫</td><td>হাতিয়া আইটি পার্ক</td></tr>
<tr><td>মিরওয়ারিশপুর</td><td>০</td><td>৫</td><td>০</td><td>০</td><td>২৯৫</td><td>৩০০</td><td>জিরো ফোর কমিউনিকেশন</td></tr>
<tr><td>গোপালপুর</td><td>৪</td><td>৬</td><td>৭</td><td>৮</td><td>৩৬৬</td><td>৩৯১</td><td>হাতিয়া আইটি পার্ক</td></tr>
<tr><td>ছয়ানী</td><td>০</td><td>০</td><td>১</td><td>০</td><td>০</td><td>১</td><td>কেএস নেটওয়ার্ক</td></tr>
<tr><td>উপজেলা পপ</td><td>০</td><td>০</td><td>০</td><td>১</td><td>০</td><td>১</td><td>ইন্টারক্লাউড আইটি</td></tr>
<tr><td>সেনবাগ</td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td>০</td><td></td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>৩৬</td><td>২৫</td><td>২৩</td><td>২১</td><td>১৬০৬</td><td>১৭১১</td><td></td></tr>
</table>
(ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার ও টেকনিশিয়ান কর্তৃক প্রাপ্ত তথ্য)<br>
(ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার ও টেকনিশিয়ান কর্তৃক প্রাপ্ত তথ্য)</td>
</tr>
</table>

.

| | |
|---|---|
| ১০ চলমান প্রকল্পের তালিকা ওয়েবসাইটে প্রদর্শন সংক্রান্ত | সভাপতি অত্র জেলার উন্নয়ন কর্মকান্ডে পরিচালিত সকল চলমান প্রকল্পের তালিকা আগামী ১৫ ই মে ২০২১ খ্রি. তারিখের মধ্যে জেলার ওয়েব পোর্টালে প্রদর্শনের জন্য প্রোগ্রামার (ভারপ্রাপ্ত)কে অনুরোধ করেন। এলক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br>সিদ্ধান্তঃ ওয়েব পোর্টালে চলমান প্রকল্পের তালিকা প্রদর্শনের নিমিত্তে সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণ করতে হবে। |
| ১১. বিবিধ | বিবিধ আলোচনায় সহকারী প্রোগ্রামার, চাটখিল জানান, ইতিমধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন সফটওয়্যারটি হালনাগাদ করা হয়েছে কিন্তু প্রান্তিক পর্যায়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ না থাকায় এ সংক্রান্ত কার্যক্রম পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।<br>সিদ্ধান্তঃ জেলা প্রশাসক, নোয়াখালী তার বক্তব্যে বলেন, এ বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের আয়োজন করতে হবে। |

পরিশেষে সভাপতি সভায় উপস্থিত সকলকে ই-সেবা কার্যক্রম জোরদার করার  এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ খোরশেদ আলম খান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ৫৬.০৪.৭৫০০.০০০.০৬.০০৩.২০.৬৪

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৮
২৮ এপ্রিল ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সভাপতি, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রনালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
২) মাননীয় সংসদ সদস্য, ২৭১-নোয়াখালী-৪ এবং উপদেষ্টা, জেলা আইসিটি বিষয়ক কমিটি, নোয়াখালী
৩) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৪) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৫) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
৬) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৭) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী
৮) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, নোয়াখালী
৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নোয়াখালী
১০) উপ পরিচালক (চলতি দায়িত্ব), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
১১) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
১২) অধ্যক্ষ,, নোয়াখালী সরকারী কলেজ,, নোয়াখালী
১৩) অধ্যক্ষ,, নোয়াখালী সরকারি মহিলা কলেজ,, নোয়াখালী
১৪) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নোয়াখালী
১৫) উপপরিচালক , উপপরিচালক এর কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নোয়াখালী
১৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল),নোয়াখালী
১৭) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নোয়াখালী
১৮) সিনিয়র তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, নোয়াখালী
১৯) প্রোগ্রামার, (বর্তমানে প্রধান কার্যালয়ে সংযুক্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নোয়াখালী
২০) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নোয়াখালী
২১) উপ-মহাব্যবস্থাপক (টেলিকম),, বিটিসিএল, নোয়াখালী
২২) উপপরিচালক (ভারপ্রাপ্ত), উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, নোয়াখালী

২৩) সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
২৪) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
২৫) নেজারত ডেপুটি কালেক্টর, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
২৬) সহকারী প্রোগ্রামার (সকল),আইসিটি অধিদপ্তর,নোয়াখালী
২৭) জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা শিক্ষা অফিস, নোয়াখালী
২৮) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, নোয়াখালী
২৯) অধ্যক্ষ,, জেলা কারিগরি/ ভোকেশনাল ইনস্টিটিউট, ,নোয়াখালী
৩০) প্রধান শিক্ষক, নোয়াখালী জিলা স্কুল, নোয়াখালী
৩১) অধ্যক্ষ, সোনাপুর কলেজ, নোয়াখালী
৩২) অধ্যক্ষ, ভুলুয়া ডিগ্রি কলেজ, নোয়াখালী
৩৩) জেলা প্রতিনিধি, ফাইবার এট হোম লিঃ, নোয়াখালী (ইনফো সরকার ফেজ-২/৩ প্রকল্প))
৩৪) উদ্যোক্তা, নেয়াজপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার, নোয়াখালী সদর, নোয়াখালী
৩৫) প্রোপাইটর, এপটেক আইটি, নোয়াখালী
৩৬) অফিস কপি

Meraz

সৈয়দ মোহাম্মদ মিরাজ হোসেন
প্রোগ্রামার (ভারপ্রাপ্ত)